

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/14/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো ঘোষণা করলেন যে 2019 নির্বাহী বাজেটে নিউ ইয়র্ক শহরে স্পিড ক্যামেরা পুনর্বহাল ও সংখ্যা দ্বিগুণ করার প্রোগ্রামের প্রস্তাবনা অন্তর্ভুক্ত হবে

আইনটি স্পিড ক্যামেরা দ্বারা সুবক্ষিত স্কুল জোনের সংখ্যা 140 থেকে বাড়িয়ে 290 করবে এবং যেসব এলাকায় ক্যামেরা বসানো যাবে তা সম্প্রসারিত করবে

সিনেটের রিপাবলিকানরা এই জীবন-রক্ষাকারী আইন সম্প্রসারণ করতে অস্বীকার করলে গত অগাস্ট মাসে গভর্নর প্রোগ্রামটি অস্থায়ীভাবে পুনর্বহাল ও সম্প্রসারণ করার জন্য যে জরুরি আদেশ প্রদান করেন এটি তা অনুসরণ করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক শহরে স্পিড ক্যামেরা আনুষ্ঠানিকভাবে পুনর্বহাল করতে এবং জোনের সংখ্যা দ্বিগুণের বেশি করতে একটি প্রস্তাবনা 2019 নির্বাহী বাজেটে অন্তর্ভুক্ত করা হবে। গাড়ি দুর্ঘটনা কমাতে এবং স্কুল জোনে বেঁচে থাকার হার বৃদ্ধি করতে স্পিড ক্যামেরা কার্যকরী হিসেবে প্রমাণিত হয়েছে, কিন্তু 2018 সালে রিপাবলিকান নেতৃত্বাধীন সিনেট এই প্রোগ্রামটি অব্যাহত রাখার প্রয়োজনীয় আইন পাশ স্বগিত করে দেয়। প্রতিক্রিয়ায়, গভর্নর কুওমো প্রোগ্রামটি অস্থায়ীভাবে পুনর্বহাল করতে জরুরি অবস্থা ঘোষণা করেন। গভর্নরের নতুন বাজেট প্রস্তাবনা সংবিধির মাধ্যমে এই প্রোগ্রামটি পুনর্বহাল ও সম্প্রসারণ করবে এবং প্রভাবিত স্কুল জোনের সংখ্যা 140 থেকে বাড়িয়ে 290 করবে।

"স্পিড ক্যামেরা জীবন বাঁচায় এর অনস্বীকার্য প্রমাণ রয়েছে, এবং জনসেবক হিসেবে আমাদের শিশুদের সুরক্ষা দিতে আমাদের কাছে থাকা সব ব্যবস্থা আমাদের ব্যবহার করতে হবে", **গভর্নর কুওমো বলেন।** "সিনেটের রিপাবলিকানরা যখন লজ্জাজনকভাবে জীবন-রক্ষাকারী এই প্রোগ্রাম সম্প্রসারণ করতে অস্বীকার করলো, আমি স্কুল বছর শুরু হওয়ার আগেই জরুরি অবস্থা ঘোষণা করি অস্থায়ীভাবে ক্যামেরাগুলি সচল রাখার জন্য। নতুন প্রস্তাবনাটির মাধ্যমে আমরা শুধু প্রোগ্রামটি প্রথমেই যেভাবে করা উচিত ছিল সেটি পুনর্বহালই করবো না - আমরা আরো শিশুকে সুরক্ষা দিতে এবং অপ্রয়োজনীয় ট্র্যাজেডি ও মর্মেদনা প্রতিরোধ করতে ক্যামেরার সংখ্যা বৃদ্ধি করবো।"

এই প্রোগ্রামের আওতায় থাকা স্কুল জোনের সংখ্যা বৃদ্ধির পাশাপাশি, গভর্নরের প্রস্তাবনা ক্যামেরা নোটিশ দেওয়ার জন্য অতিরিক্ত সাইনেজ প্রদান করবে এবং ক্যামেরা বসানোর এলাকা সম্প্রসারিত করবে। নিউ ইয়র্ক শহর প্রতিটি স্কুল জোনে ক্যামেরার সংখ্যা নির্ণয় কবে, যারা এই প্রোগ্রামটি পরিচালনা করছে।

2013 সালে, গভর্নর একটি বিলকে আইন হিসেবে স্বাক্ষর করেন যা নিউ ইয়র্ক শহরকে রেকর্ড করে স্পিডিং আইন লঙ্ঘনের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য ক্যামেরা প্রযুক্তি ব্যবহার করে স্কুল জোনের হাইওয়ে নিরাপত্তা উন্নত করার একটি সিস্টেম বিকাশের অনুমোদন দেয়। পরবর্তী বছরে পুরো নিউ ইয়র্ক শহরে 140টি স্কুল জোনে স্পিড ক্যামেরা লাগানোর অনুমোদন প্রদান করে প্রোগ্রামটি সম্প্রসারণ করা হয়।

2018 সালে, নিউ ইয়র্ক স্টেটের সিনেট স্পিড ক্যামেরা প্রোগ্রামটি বিস্তৃত করার কোনো পদক্ষেপ না নিয়েই বিধানিক অধিবেশন সমাপ্ত করে, ফলে বিপজ্জনক গাড়িচালক থেকে স্কুলের শিশুদের সফলভাবে রক্ষা করার নিদর্শন দেখানো এই অত্যন্ত কার্যকরী প্রোগ্রামটি শেষ হয়ে যায়। অগাস্ট মাসে, গভর্নর কুওমো স্কুলের শিশু ও তাদের পিতামাতার নিরাপত্তা নিশ্চিত করতে অস্বাভাবিকভাবে প্রোগ্রামটি পুনর্বহাল করার জন্য জরুরি অবস্থা ঘোষণা করেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসারস্কাইব করুন](#)